মানবিক কর্মকাণ্ডসহ সকল কর্মকাণ্ডে জবাবদিহিতা এবং গুণগত মূল আদর্শমান বা **Core Humanitarian Standard on Accountability and Quality (CHS)** কি করা যাবে কি করা যাবে না।

১.

কমিটমেন্ট	কি করা যাবে	কি করা যাবে না
সদস্য, প্রকল্প উপকারভোগী এবং স্থানীয় জনগণ সংস্থা থেকে তাদের প্রয়োজন অনুযায়ী প্রাসংগিক এবং যথাযথ সহায়তা পায়।	<ul style="list-style-type: none"> - প্রকল্প প্রস্তাবনা থেকে শুরু করে সকল কাজের পূর্বে যাদেও জন্য কাজ করবো তাদের প্রকৃত চাহিদা কি কি তা তাদের নিকট থেকে সরাসরি জানতে হবে। - চাহিদা নিরূপণ প্রতিবেদন তৈরি করতে হবে। 	<ul style="list-style-type: none"> - নিজেদের মতো করে কোন কাজ করা যাবে না। - তাদের প্রয়োজন নেই শুধু মাত্র প্রকল্প বাস্তবায়নের স্বার্থে তা উপকারভোগীর মাঝে বিতরণ করা যাবে না।
আমরা যাদের জন্য কাজ করি, তারা এবং স্থানীয় জনগণ সংস্থা থেকে সময়মত সহায়তা পায় এবং সংস্থা সময়মতো তাদের প্রয়োজনে সাড়া দেয় ও কর্মকাণ্ড বাস্তবায়ন করে।	<ul style="list-style-type: none"> - যে সময় উপকারভোগীদের চাহিদা আছে সেই সময়ে তাদের চাহিদা পূরণ করতে হবে। - সময়ের কাজ সময়েই শেষ করতে হবে। - কোন সময়ে তাদের কি প্রয়োজন তা নিয়মিতভাবে জানতে হবে। 	<ul style="list-style-type: none"> - অনুমোদন থেকে শুরু করে বাস্তবায়ন বা বিতরণে অহেতুক সময় ক্ষেপণ করা যাবে না। - আমাদের কাজের চাপের জন্য তাদের কে অপেক্ষা করতে বলা যাবে না।
আমাদের কর্মকাণ্ড দ্বারা সদস্যরা বা স্থানীয় জনগণ কোনভাবে ক্ষতিগ্রস্ত হয় না বা তাদের জীবনে কোন নেতিবাচক প্রভাব পড়ে না। বরং তাদের সক্ষমতা আরো বৃদ্ধি পায়।	<ul style="list-style-type: none"> - পরিবেশ বান্ধব সামগ্রী ও কর্মকাণ্ড করতে হবে। - ভালো ভালো কোম্পানী থেকে ঔষধ এবং মানসম্মত সামগ্রী ক্রয় করা। - মানুষের মাঝে ইতিবাচক চিন্তা চেতনা বিকাশ লাভ করে এমন লেসন তৈরি করা ও সচেতনতা কার্যক্রম পরিচালনা করা। 	<ul style="list-style-type: none"> - পরিবেশ বা স্বাস্থ্যগত বা অন্যকোন ভাবে বা পরবর্তীতে তাদের জন্য ক্ষতির কারণ হতে পারে এমন কোন পণ্য বা সেবা তাদের কে দেয়া যাবে না। - প্লাস্টিক সামগ্রী, বাসি পচা খাদ্য বা মেয়াদ উত্তীর্ণ ঔষধ তাদের মাঝে বিতরণ করা যাবে না।
সদস্য, প্রকল্প উপকারভোগী এবং স্থানীয় জনগণ সংস্থা থেকে তাদের প্রাপ্য অধিকার সম্পর্কে জানে এবং সংস্থার কর্মকাণ্ড বিষয়ে মতামত দিতে পারে ও অংশগ্রহণ করতে	<ul style="list-style-type: none"> - আমরা কারা, কি করি, তাদের জন্য কি কি করতে চাই, কখন সাহায্য নিয়ে আসবো, ডাক্তার কখন আসবে, কি কি ঔষধ আছে ইত্যাদি তথ্য তাদের কে জানাতে হবে। - কোথায়, কখন ত্রান সামগ্রী বিতরণ হবে তা জানাতে হবে। 	<ul style="list-style-type: none"> - পূর্ব থেকে না জানিয়ে তাদের জন্য কোন কাজ বা ত্রান সামগ্রী নিয়ে যাবেন না। - তাদের সাথে আলোচনা না করে বা তাদের মতামত ছাড়া কোন প্রকল্প পরিকল্পনা গ্রহণ করবেন না। - সর্বজনীন মানবাধিকার ভঙ্গ হবে এমন কোন কাজ করবেন না। -

কমিটমেন্ট	কি করা যাবে	কি করা যাবে না
পারে। সংস্থার সকল ধরনের তথ্য তাদের জানার অধিকার আছে।	<ul style="list-style-type: none"> - কোন সমস্যা বা অসন্তোষ্টি হলে তারা কিভাবে অভিযোগ করবে তাতে জানাতে হবে। - কর্মকান্ড বাস্তবায়ন ও পরিকল্পনার সময় তাতেও কে অংশগ্রহণের সুযোগ দিতে হবে। মতামত নিতে হবে। 	
সদস্য, প্রকল্প উপকারভোগী এবং স্থানীয় ও সর্বস্তরের জনগণের জন্য সংস্থার অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি সচল আছে। এটি নিরাপদ এবং কার্যকর ও সহজ।	<ul style="list-style-type: none"> - অভিযোগ করার ব্যবস্থা বিষয়ে সকলকে জানাতে হবে। - দেখা যায়মতো স্থানে তাদো ভাষায় মোবাইল নম্বও ও নাম সহ ব্যানার বা সাইন বোর্ড স্থাপন করা। - যে কোন কম্পিউটার কাজ বা বিতরণ স্থানে অনুরূপ ব্যানার বা সাইনবোর্ড স্থাপন করা। 	<p>যে কোন অভিযোগ আসলে তা ফেলে রাখা যাবে না।</p> <p>অভিযোগকারী ব্যক্তির নাম প্রকাশ করা যাবে না বা এজন্য সহকর্মীসহ কাউকে বাকা চোখে দেখা যাবে না।</p> <p>কোন অভিযোগ পাশ কাটিয়ে যাওয়া যাবে না।</p>
সংস্থার সদস্য, প্রকল্প উপকারভোগী এবং স্থানীয় জনগণ এর জন্য সমন্বিত এবং সম্পূরক সহায়তা এবং কর্মকান্ড বাস্তবায়ন করে।	<ul style="list-style-type: none"> - যে সকল সংস্থা কাজ করছে তাদের সাথে যোগাযোগ করে আমরা চেষ্টা করবো গ্যাপ পূরণ করতে। - সরকার এর বিভাগসমূহের সাথে যোগাযোগ রাখা এবং মতামত নিয়ে কোন কোন ক্ষেত্রে এখনও চাহিদা আছে কিন্তু অন্য কেউ করছে না এমন বিষয়গুলি চিহ্নিত করা ও কাজ করা। 	<ul style="list-style-type: none"> - চাহিদা নাই বা অন্য কেউ দিচ্ছে এমন সামগ্রী দেওয়া যাবে না। - ওভার লেপিং করা যাবে না। - কারো সাথে সমন্বয় না করে একা একা কাজ করা যাবে না। -
সংস্থার সদস্য, প্রকল্প উপকারভোগী এবং স্থানীয় জনগণ সর্বদাই উন্নত সেবা ও কর্মকান্ড পেয়ে থাকেন। কারণ সংস্থা তার কর্মকান্ডের নিয়মিত পর্যালোচনা এবং শিক্ষণ মূল্যায়ন করে ও সেঅনুযায়ী কর্মকান্ড গ্রহণ বা পরিবর্তন করে।	<ul style="list-style-type: none"> - প্রতিনিয়ত শিখন নিয়ে সহকর্মীদের সাথে আলাপ আলোচনা করতে হবে। - উপকারভোগী, অন্যান্য পক্ষ ও কর্মীদের সাথে আমাদের কাজের মান বিষয়ে নিয়মিত মতামত নিতে হবে। এবং সে অনুযায়ী আমাদের কার্যক্রম উন্নত করতে হবে। - কেস স্টাডি, ছবি, প্রতিবেদন ইত্যাদি তৈরি করতে হবে। 	<ul style="list-style-type: none"> - নিয়মিত মতামত গ্রহণ বন্ধ করা যাবে না। - কেউ আমাদের কাজ বিষয়ে নেতি বাচক কিছু বললে তাকে বা তাদের কে অস্বীকার করা যাবে না। - পূর্বের শিখন বিশ্লেষণ না করে নতুন নতুন চিন্তা বা কর্মকান্ড গ্রহণ করা যাবে না।

কমিটমেন্ট	কি করা যাবে	কি করা যাবে না
সংস্থার সদস্য, প্রকল্প উপকারভোগী এবং স্থানীয় জনগণ সংস্থার একদল দক্ষ, সৎ ও নিবেদিত কর্মী বাহিনী থেকে উন্নত কর্মকাণ্ড ও সেবা পাচ্ছে।	<ul style="list-style-type: none"> - কর্মীদের সাথে নিয়মিত সভা করতে হবে এবং বিভিন্ন প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। - প্রতি কর্মী নিয়মিত দৈনিক পরিকল্পনা, সপ্তাহিক ও মাসিক কর্মপরিকল্পনা তৈরি করবে। - নিয়মিত ইংরেজী লেখা ও বলার চর্চা করা, পত্রিকা পড়া, বই ও প্রতিবেদন পড়ার অভ্যাস করা। 	<ul style="list-style-type: none"> - পরিকল্পনা ছাড়া কোন দিন শুরু করা যাবে না। - প্রস্তুতি না নিয়ে কোন সভা বা আলোচনা বা স্বাক্ষর করা যাবে না। - শরীর চর্চা, পরিষ্কার পরিচ্ছন্নতা অভ্যাস কখনও বন্ধ করা যাবে না। - সময়ের কাজ সময়ে না করে ফেলে রাখা যাবে না।
সদস্য, প্রকল্প উপকারভোগী এবং স্থানীয় জনগণ সংস্থার নিকট থেকে সম্পদ ব্যবহারে নৈতিকতা, আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা এবং সঠিক কাজে সকল সম্পদের ব্যবহার আশা করতে পারে।	<ul style="list-style-type: none"> - মিতব্যয়ী হতে হবে। - সংস্থার সম্পদ ও উপকারভোগীদের জন্য ক্রয়কৃত সম্পদ রক্ষণা বেক্ষণ ও যত্নসহকারে ব্যবহার করতে হবে। - সম্পদের নম্বর ও রেজিস্টার সংরক্ষণ করতে হবে। 	<ul style="list-style-type: none"> - কোনভাবেই অবচয় সংস্কৃতি চর্চা করা যাবে না। - কোন সম্পদ নষ্ট হলে বা চুরি হওয়ার সম্ভাবনা থাকলে চুপ করে বসে থাকা যাবে না। - মান্দ্র দাম যাচাই না করে করে কোন সম্পদ ক্রয় করা যাবে না।

অন্যান্য ব্যাখ্যা:

- সাধারণভাবে মানবিক কর্মকাণ্ড বলতে বুঝায় দুর্যোগ পরবর্তীতে মানুষের জীবন ও সম্পদ রক্ষা করা বিষয়ক কর্মকাণ্ড। যেমন: সিডর, আইলা, রোয়ানু, মোরা ঘূর্ণিঝড় পরবর্তীতে কোস্ট যেসকল কর্মকাণ্ড বাস্তবায়ন করেছে; রিলিফ বিতরণ, বিশুদ্ধ খাবার পানি বিতরণ, নগদ অর্থ বিতরণ, মানুষজনকে নিরাপদ আশ্রয়ে নিতে সহায়তা, স্বাস্থ্য সেবা ইত্যাদি। উন্নয়ন কর্মকাণ্ড বলতে সংস্থার বেশীর ভাগ কর্মকাণ্ডকেই বুঝায়। যেমন: ক্ষুদ্র ঋণ, অবকাঠামো উন্নয়ন, সিডস, উজ্জ্বিত, রুপ, সিএলএস প্রকল্পের কাজ ইত্যাদি। আবার কিছু কাজ আছে, যেমন উপকূলীয় মানুষ ও জমি সুরক্ষায় মানব বন্ধন, প্রেস কনফারেন্স, এমপি-মন্ত্রীদের সাথে সেমিনার, ছবি তুলে ও গবেষণা করে উপকূলীয় মানুষের দুঃখঃ দুর্দশা বিষয়ে নিতিনির্ধারক ও উন্নয়ন সহযোগীদের দৃষ্টি আকর্ষণ করা, এগুলি হলে অধিপরামর্শ বা এডভোকেসী কার্যক্রম। কোস্ট এই তিন ধরনের কাজই করে।
- এক্ষেত্রে কোস্ট সর্বদাই যাদের জন্য কাজ তাদেরকে গুরুত্ব দেয়। তথা উপকূলীয় জনগণকে গুরুত্ব দেয় এবং এর মধ্যে নারী ও শিশুদের অগ্রাধিকার দেয়। সংস্থার একটি দক্ষ, সৎ ও নিবেদিত কর্মীবাহিনী আছে যারা এসকল সদস্য বা উপকারভোগীদের সম্মান উর্ধেধরেখে, তাদের মতামতকে গুরুত্ব দিয়ে এবং কর্মকাণ্ডের বিভিন্ন পর্যায়ে তাদের অংশগ্রহণ নিশ্চিত করে কাজ করে। সংস্থায় সদস্য, কর্মী এবং

অন্যান্য স্টেকহোল্ডারগণ মতামত দেওয়ার ব্যবস্থা আছে। এখানে অর্থিক সচ্ছতা, তথ্যের উন্মুক্ততা এবং বিশেষ করে কর্মীদের জবাবদিহিতাকে গুরুত্ব দিয়ে একটি ভালো ব্যবস্থাপনা পরিচালিত হয়।

৪. এনজিও বুরো, মাইক্রো ক্রেডিট রেগুলেটরী কর্তৃপক্ষসহ ও স্থানীয় কর্তৃপক্ষ (ডিসি-ইউএনও) আইনগত ভাবে সংস্থার জবাবদিহিতার বিষয়গুলি দেখে। বার্ষিক এক্সটার্নাল অডিট, ডোনার অডিট-মনিটরিং এবং ইভালুয়েশনও সংস্থার জবাবদিহিতা দেখে। সবার শেষ কথা হচ্ছে সদস্য বা উপকারভোগীদের কার্যকর উন্নয়ন বা উপকার এবং নৈতিকতার সাথে অর্থ ও সম্পদের ব্যবহার।
৫. বৈশ্বিকভাবে যারা মানবিক বা উন্নয়ন কর্মকাণ্ডের সাথে যুক্ত তারাও (বিভিন্ন দাতা দেশ ও সংস্থা, জাতিসংঘ, আইএনজিও, রেডক্রস রেডক্রিসেন্ট সোসাইটি ইত্যাদি) সদস্য বা উপকারভোগীদের কার্যকর উন্নয়ন বিষয়ে সচেতন। একই ভাবে দাতা সংস্থাসমূহ যে অর্থ আমাদেরমত সংস্থার মাধ্যমে দাঁড়, দুর্যোগ পিড়িত ও অসহায় মানুষের উন্নয়নে দিচ্ছে তা সঠিক ভাবে ব্যবহার হচ্ছে কিনা সে বিষয়েও দিধান্বিত। যে কারণে বিভিন্ন সময় এসকল সংস্থা কিছু কিছু আদর্শমান বা সূচক সামনে নিয়ে আসে যাতে অসহায়দের প্রকৃত উন্নয়ন হয় এবং অর্থের নৈতিক ও সঠিক ব্যবহার নিশ্চিত হয়। যেমন: হ্যাপ, স্ফিয়ার প্রজেক্ট, পিপল ইন এইড আরো অনেক। কোস্ট হ্যাপের সদস্য ছিলো এবং দুইবার গুণগত ব্যবস্থাপনা ও জবাবদিহিতা চর্চার জন্য সার্টিফিকেট পেয়েছে।
৬. হ্যাপ, সদস্য বা উপকারভোগীদের নিকট জবাবদিহিতা ও ভালো ব্যবস্থাপনার কথা বলে। স্ফিয়ার প্রজেক্ট মানবিক সহায়তার ক্ষেত্রে নূন্যতম আদর্শমানের কথা বলে (যেমন: কত পরিমান চাল বা ডাল দিতে হবে, কত পরিমান পানি দিতে হবে বা একটি পরিবার কে নূন্যতম কত টাকা দিতে হবে ইত্যাদি) এবং পিপল ইন এইড কর্মীদের উন্নয়ন, নিরাপত্তা ও অধিকার এর কথা বলে।
৭. মূলত এই তিনটি আদর্শমান চর্চাকারী, দাতা দেশ, সংস্থা ও প্রতিষ্ঠান একসাথে হয়ে "মানবিক কর্মকাণ্ডসহ সকল কর্মকাণ্ডে জবাবদিহিতা এবং গুণগত মূল আদর্শমান বা **Core Humanitarian Standard on Accountability and Quality (CHS)** " তৈরি করেছে এবং নিজেরা ওয়াদা করেছে তারা এখন থেকে কর্মকাণ্ডের সকল ক্ষেত্রে এই আদর্শমান মেনে চলবে। ২০১৫ সালে বিশ্বব্যাপী ব্যাপক আলাপ আলোচনা করে CHS এ মোট ৯টি কমিটমেন্ট বা অঙ্গীকার তৈরি করা হয়েছে। প্রতিটি কমিটমেন্টের জন্য একাধিক সূচক এবং কর্মকাণ্ড নির্ধারণ করা আছে। বাংলাদেশে কোস্ট দেশব্যাপী এই আলোচনা প্রক্রিয়া নেতৃত্ব দেয়। এখানে বলা হয়েছে, যে সকল সংস্থা এই ৯টি কমিটমেন্ট বজায় রেখে কার্যক্রম পরিচালনা করবে তাদের দ্বারা সদস্য বা উপকারভোগীদের প্রকৃত উন্নয়ন নিশ্চিত হবে, সংস্থায় ভালো ব্যবস্থাপনা বজায় থাকবে এবং কর্মীগণ দক্ষ হয়ে উঠবে। বর্তমানে কোস্ট ট্রাস্টসহ বিশ্বের মোট প্রায় ২৬৫ টি সংস্থা CHS এর সদস্য হয়েছে এবং এই ৯টি কমিটমেন্ট চর্চা করছে। CHS Alliance <http://www.chsalliance.org> নামে একটি সদস্য ভিত্তিক সংস্থা এই আদর্শমান প্রচার, বাস্তবায়ন ও সহায়তা করার কাজে নিয়োজিত। কোস্ট নির্বাহী পরিচালক এই এলাসের গভার্নিং বোর্ডের নির্বাচিত সদস্য হিসেবে ৩ বছরের জন্য কাজ করবেন।

নিচে ৯টি কমিটমেন্ট বাস্তবায়নে নির্ধারিত সুচক ও কর্মকান্ড অনুসরণ করে কোর্স্ট কি কি করে তা একটি ছকে সংক্ষিপ্তভাবে তুলে ধরা হলো। যার মাধ্যমে ৯ টি কমিটমেন্ট এবং প্রতিটির জন্য নির্ধারিত আদর্শমান সম্পর্কে সাম্যক ধারণা পাওয়া যাবে।

ক্রম	কমিটমেন্ট	কিভাবে কোর্স্ট এই কমিটমেন্ট বাস্তবায়ন করে। (প্রমান)	প্রমাণিক ডকুমেন্ট
১.	সদস্য, প্রকল্প উপকারভোগী এবং স্থানীয় জনগণ সংস্থা থেকে তাদের প্রয়োজন অনুযায়ী প্রাসংগিক এবং যথাযথ সহায়তা পায়।	<p>১.১ দুর্যোগ হলে কোর্স্ট সহকর্মীগণ ক্ষতিগ্রস্ত মানুষের সাথে কথা বলে, প্রশাসনের সাথে কথা বলে এবং ইউনিয়ন পরিষদের সাথে কথা বলে এবং প্রতিবেদন তৈরি।</p> <p>১.২ সদস্যদের চাহিদা অনুযায়ী লোন প্রদান করি।</p> <p>১.৩ প্রকল্প থেকে প্রশিক্ষণ প্রদান করার বিষয় থাকলেও আমরা উপকার ভোগীদের চাহিদা যাচাই করি।</p> <p>১.৪ কর্মএলাকার মানুষের চাহিদা বিবেচনা করে কোর্স্ট কর্মসূচি গ্রহণ করে। যেমন: বোরবাঁধ নির্মানের আন্দোলন।</p> <p>১.৫ ক্ষুদ্র ঋণ কর্মসূচির নিয়ম কানুন সদস্যদের চাহিদা বিবেচনায় তৈরি ও পরিবর্তন করা হয়। সমিতি ও জনসংগঠন সভায় এসব চাহিদার কথা সদস্যরা বলেন।</p> <p>১.৬ কোন প্রকল্প প্রস্তাবনা তৈরির সময়; দুর্যোগ বা অন্যান্য বিষয়ে প্রকল্প।</p> <p>১.৭ সংস্থা নিয়মিত ভাবে স্থানীয় জনগণ, উপকারভোগী ও স্টেকহোল্ডারদের সাথে যোগাযোগ রাখে। সমিতি সভা, প্রকল্প উপকারভোগীদের সাথে সভা, ইউপি মেম্বার চেয়ার ম্যান, উপজেলা অফিস, জনসংগঠন সভা ইত্যাদি মাধ্যমে তাদের চাহিদা ও মতামত বিষয়ে জানতে পারে।</p>	<p>১.১ রোয়ানু, মোরা, আইলা, সিডর এর সময় চাহিদা নিরূপন প্রতিবেদন।</p> <p>১.২ লোন প্রস্তাবনা সমিতি রেজুলেন খাতা।</p> <p>১.৩ সদস্য পর্যায়ে প্রশিক্ষণ চাহিদা নিরূপন ছক বা রেজিস্টার। (উজ্জ্বিত, পেইস) গাছের চারার চাহিদা রেজিস্টার (আইইউসিএন)। ইত্যাদি।</p> <p>১.৪ রোয়ানু পরবর্তী চাহিদা নিরূপন প্রতিবেদন।</p> <p>১.৫ কেন্দ্রীয় জনসংগঠন সভা প্রতিবেদন।</p> <p>১.৬ প্রকল্প প্রস্তাবনা সমূহের পদ্ধতি অংশ।</p> <p>১.৭ স্টেক হোল্ডার ফাইল (শাখা এবং সকল প্রকল্প অফিসে রাখা আছে।</p>
২.	আমরা যাদের জন্য কাজ করি, তারা এবং স্থানীয় জনগণ	২.১ কর্মএলাকায় দুর্যোগ ঘটায় সাথে সাথে সাথে কোর্স্ট সহকর্মীগণ ক্ষতিগ্রস্ত জনগণের সহায়তায় কাজে নেমে পড়ে।	২.১ সম্প্রতি ঘটে যাওয়া ঘূর্ণিঝড় মোরা ও রোয়ানু

ক্রম	কমিটমেন্ট	কিভাবে কোস্ট এই কমিটমেন্ট বাস্তবায়ন করে। (প্রমান)	প্রমাণিক ডকুমেন্ট
	সংস্থা থেকে সময়মত সহায়তা পায় এবং সংস্থা সময়মতো তাদের প্রয়োজনে সাড়া দেয় ও কর্মকান্ড বাস্তবায়ন করে।	<p>২.২ সদস্যরা যেসময়ে সঞ্চয় ফেরৎ বা লোন নিতে চায় সংস্থা তাদের সময়কে গুরুত্ব দেয় এবং সদস্যকে লোন দেয় বা সঞ্চয় ফেরৎ দেয়। অহেতুক সময় ক্ষেপণ করে না।</p> <p>২.৩ মাঠকর্ম সহায়তা ম্যানুয়াল এবং কোস্ট দুর্যোগ নিতিমালায় এবিষয়ে দিক নির্দেশনা দেওয়া আছে।</p> <p>২.৪ সদস্যদের চাহিদাকৃত সময়ের মধ্যে লোন বিতরণ বা সঞ্চয় ফেরৎ দেওয়া হয় কি না তা মনিটর করা হয়।</p> <p>২.৫ প্রকল্প সমূহে সদস্যদের সময় বুঝে কোন সময়ে কোন সভা বা প্রশিক্ষণ বা সহায়তা করা হবে তা নির্ধারণ করা হয়। এবং যে সময়ে যে কাজটি করার কথা প্রকল্প প্রস্তাবনায় উল্লেখ আছে সেগুলি সেই সময়েই বাস্তবায়িত হয়।</p> <p>২.৬ প্রকল্প কর্মকান্ড মনিটরিং এবং পিপিএম সভায় এগুলি যাচাই করা হয়।</p>	<p>কর্মকান্ড বিষয়ে কোস্ট প্রতিবেদন।</p> <p>২.২ ঋণ নিতিমালা ও মাঠ কর্ম সহায়িকা।</p> <p>২.৩ সংস্থার দুর্যোগ নিতিমালা।</p> <p>২.৪ অডিট ও মনিটরিং প্রতিবেদন।</p> <p>২.৫ প্রকল্প প্রস্তাবনা ও কর্মপরিকল্পনা।</p> <p>২.৬ মনিটরিং ও পিপিএম সভা প্রতিবেদন।</p>
৩.	আমাদের কর্মকান্ড দ্বারা সদস্যরা বা স্থানীয় জনগণ কোনভাবে ক্ষতিগ্রস্ত হয় না বা তাদের জীবনে কোন নেতিবাচক প্রভাব পড়ে না। বরং তাদের সক্ষমতা আরো বৃদ্ধি পায়।	<p>১.১ দুর্যোগ কালীন সহায়তা বা যেসকল কর্মকান্ড কোস্ট গ্রহণ করে তা মানুষের চাহিদা এবং সক্ষমতা বিবেচনায় নিয়েই করা হয় ফলে কোন নেতিবাচক প্রভাব পড়ি না। যেমন: পুকুর খনন, ক্ষতিগ্রস্ত পানি চাষীদের অর্থিক সহায়তা, বিশুদ্ধ খাবার পানি বিতরণ ইত্যাদি।</p> <p>১.২ কোস্ট উপকূলীয় জনগণের সুরক্ষার জন্য যেসকল অধিপরামর্শ কার্যক্রম করে তার ফলাফল হিসাবে সরকার থেকে বাধঁ নির্মাণের বাজেট বৃদ্ধি ও বাধঁ নির্মাণ তাদের সক্ষমতা আরোও বৃদ্ধি করে।</p> <p>১.৩ ঋণ নিয়ে সদস্যরা অর্থিকভাবে সক্ষম হয় এবং তাদের আর্থিক শৃংখলা ফিরে আসে।</p> <p>১.৪ সকল প্রকল্প কর্মকান্ড বাস্তবায়িত হয় উপকারভোগীদের সক্ষমতা বৃদ্ধির জন্য।</p> <p>১.৫ পরিবেশ ও জীব বৈচিত্রতা বিষয়ক কোস্ট মূল্যবোধ সংস্থার কর্মকান্ডকে নিয়ন্ত্রন করে।</p>	<p>৩.১ সম্প্রতি ঘটে যাওয়া ঘূর্ণিঝড় মোরা ও রোয়ানু কর্মকান্ড বিষয়ে কোস্ট প্রতিবেদন।</p> <p>৩.২ সংবাদ পত্র, প্রতিবেদন, কোস্ট ওয়েব সাইট এবং বিভিন্ন সময়ে মানব বন্ধন ও অন্যান্য কাজের জন্য তৈরিকৃত অবস্থান পত্র।</p> <p>৩.৩ সদস্য কেইস স্টাডি,</p> <p>৩.৪ প্রকল্প প্রস্তাবনা, প্রশিক্ষণ কারিকুলাম।</p> <p>৩.৫ কোস্ট মূল্যবোধ।</p>
৪.	সদস্য, প্রকল্প উপকারভোগী এবং স্থানীয়	১.১ ওয়েব সাইটের মাধ্যমে সংস্থার বেশীরভাগ তথ্য প্রকাশ করা হয়।	৪.১ ওয়েব সাইট

ক্রম	কমিটমেন্ট	কিভাবে কোস্ট এই কমিটমেন্ট বাস্তবায়ন করে। (প্রমাণ)	প্রমাণিক ডকুমেন্ট
	জনগণ সংস্থা থেকে তাদের প্রাপ্য অধিকার সম্পর্কে জানে এবং সংস্থার কর্মকাণ্ড বিষয়ে মতামত দিতে পারে ও অংশগ্রহণ করতে পারে। সংস্থার সকল ধরনের তথ্য তাদের জানার অধিকার আছে।	<p>১.২ সমিতি সভায় ঋণের তথ্য, সঞ্চয় তথ্য, নিয়মকানুন ইত্যাদি প্রকাশ করা হয়।</p> <p>১.৩ প্রকল্প পরিচিতি সভার মাধ্যমে প্রকল্প ভিত্তিক তথ্য প্রকাশ করা হয়।</p> <p>১.৪ তথ্য প্রকাশ নীতিমালা আছে এবং সবার জনার ব্যবস্থা করা হয়েছে।</p> <p>১.৫ কোস্ট সবার জন্য জানার অধিকার বিষয়ক লিফলেট ব্যবহার করে উন্নয়ন শিক্ষা লেসন পরিচালনা ও স্টেকহোল্ডার পর্যায়ে আলোচনা হয়েছে।</p> <p>১.৬ দুর্যোগ সহায়তা পাওয়ার লিস্ট তৈরি, সমিতি সদস্য নির্বাচন করা, প্রকল্পের উকারভোগী নির্বাচনে সদস্যদের মতামত নেয়া হয়।</p> <p>১.৭ বার্ষিক কর্মসূচি মূল্যায়ন ও প্রকল্প মূল্যায়নে সদস্যদের মতামত নেয়া হয়।</p> <p>১.৮ বিভিন্ন কর্মী সভায় এবং জনসংগঠন সভায়, বোর্ড সভায় (যেখানে সদস্যদের ২জন প্রতিনিধি আছে) বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণে সকলের মতামত নেয়া হয়।</p>	<p>৪.২ সমিতি সভা প্রতিবেদন, পকল্প উঠান বেঠক, এফজিডি ইত্যাদি।</p> <p>৪.৩ সংক্ষিপ্ত প্রকল্প ব্রিফ / লিফলেট, প্রকল্প পরিচিতি সভা প্রতিবেদন ও পেপার কাটিং।</p> <p>৪.৪ কোস্ট তথ্য প্রকাশ নিতিমালা।</p> <p>৪.৫ উন্নয়ন শিক্ষা লেসন বুক।</p> <p>৪.৬ সদস্য নির্বাচন ক্রাইটেরিয়া, (সাইক্লোন রোয়ানুর সময় খনন করার জন্য পুকুর নির্বাচন এবং কাজের বিনিময় টাকা কর্মসূচির উপকারভোগী নির্বাচন, স্থানীয় জনগণ ও দুর্যোগ ক্ষতিগ্রস্তরা মিলে তৈরি করেছে।)</p> <p>৪.৭ প্লান অফ অপারেশন।</p> <p>৪.৮ জনসংগঠন ও বোর্ড সভা, কর্মীসম্মেলন প্রতিবেদন।</p>
৫.	সদস্য, প্রকল্প উপকারভোগী এবং স্থানীয় ও সর্বস্তরের জনগণের জন্য সংস্থার অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি সচল আছে। এটি নিরাপদ এবং কার্যকর ও সহজ।	<p>৫.১ সংস্থার একটি পূর্ণাঙ্গ এবং সচল অভিযোগ ব্যবস্থাপনা নিতিমালা রয়েছে।</p> <p>৫.২ অভিযোগ কর্মকর্তার নম্বর ও ঠিকানা সকলের জন্য প্রকাশের ব্যবস্থা করা হয়েছে।</p> <p>৫.৩ সদস্য পাশ বই এ নির্বাহী পরিচালকের মোবাইল নম্বরে সদস্যরা ফোনে অভিযোগ জানাতে পারে।</p> <p>৫.৪ অভিযোগ ব্যবস্থাপনা নীতি মালা বিষয়ে সদস্য, সহকর্মী এবং স্টেকহোল্ডার পর্যায়ে ওরিয়েন্টেশন করা হয়েছে।</p> <p>৫.৫ অভিযোগ বক্স আছে।</p>	<p>৫.১ অভিযোগ বক্স ও রেজিস্টার।</p> <p>৫.২ অভিযোগ নীতিমালা।</p> <p>৫.৩ ফোন নং লেখাসহ পাশ বই</p> <p>৫.৪ অফিসের দেখা যায়মত স্থানে অভিযোগ কর্মকর্তার নাম মোবাইল নং টানানো আছে।</p> <p>৫.৫ অভিযোগ বক্স।</p>

ক্রম	কমিটমেন্ট	কিভাবে কোস্ট এই কমিটমেন্ট বাস্তবায়ন করে। (প্রমান)	প্রমাণিক ডকুমেন্ট
৬.	সংস্থার সদস্য, প্রকল্প উপকারভোগী এবং স্থানীয় জনগণ এর জন্য সমন্বিত এবং সম্পূরক সহায়তা এবং কর্মকান্ড বাস্তবায়ন করে।	<p>৬.১ কোস্ট কর্ম এলাকায় যে কোন দুর্যোগ সংঘটিত হলে স্থানীয় প্রশাসনের সাথে আলাপ আলোচনা করে সমন্বিত কর্মকান্ড পরিচালনা করে। বিশেষ করে কোস্ট এর কাজ গুলি হয় সম্পরিক। অর্থাৎ জনগণের চাহিদা আছে অন্য কেউ সেটা দিচ্ছে না কোস্ট সেটা দেওয়ার চেষ্টা করে। যেমন: সাইক্লোন রোয়ানু ও মোরা দুর্যোগের সময় কোস্ট মানুষজনকে সাইক্লোন সেল্টারে যেতে আহবান করেছে, রেডিওর মাধ্যমে বিপদ সংকেত প্রচার করা, বিশুদ্ধ খাবার পানি বিতরণ, পুকুর খনন ইত্যাদি।</p> <p>৬.২ স্থানীয় ও জাতীয় পর্যায়ে এনজিও, ও অন্যান্য অধিকার ভিত্তিক সংস্থার সাথে সমন্বিতভাবে উপকূলীয় মানুষ ও জমি রক্ষার আন্দোলন করে।</p> <p>৬.৩ কোস্ট জাতীয় এবং আন্তর্জাতিক সংস্থাসমূহের নিকট দুর্যোগ এর ক্ষয় ক্ষতি বিষয়ক তথ্য প্রেরণ করে এবং ক্ষতিগ্রস্ত মানুষের জন্য সহায়তা আনার চেষ্টা করে। যেমন: রোয়ানুতে ব্র্যাক, মোরাতে ওয়াল্ড ভিশন এর সহায়তা, সিডর এর সময় ইউনিসেফ এর সহায়তা ইত্যাদি।</p>	<p>৬.১ রোয়ানু, মোরা, সিডর ও আইলা সাইক্লোনে কোস্ট কর্মকান্ড প্রতিবেদন ও পেপার কাটিং।</p> <p>৬.২ উপকূলীয় মানুষ ও জমি সুরক্ষা বিষয় আন্দোলনের প্রতিবেদন, নিউজ কাভারেজ, অবস্থান পত্র, কোস্ট ওয়েব সাইট ইত্যাদি।</p> <p>৬.৩ চাহিদা নিরূপন প্রতিবেদন, বিভিন্ন সংস্থাকে প্রেরণের ইমেইল কপি, দুর্যোগ সহায়তা কর্মকান্ড বাস্তবায়ন প্রতিবেদন, পেপার কাটিং, ফটো ইত্যাদি।</p>
৭.	সংস্থার সদস্য, প্রকল্প উপকারভোগী এবং স্থানীয় জনগণ সর্বদাই উন্নত সেবা ও কর্মকান্ড পেয়ে থাকেন। কারণ সংস্থা তার কর্মকাণ্ডের নিয়মিত পর্যালোচনা এবং	<p>৭.১ দুর্যোগ ক্ষতিগ্রস্ত জনগণ, ঋণ কার্যক্রম ও বিভিন্ন প্রকল্পের উপকারভোগীদের সাথে আলাপ আলোচনা করে কর্মসূচি নির্ধারণ করা হয়।</p> <p>৭.২ কোস্ট মনিটরিং করার সময় এবং প্রতিবছর কর্মকান্ড রিভিউ করার সময় দুর্যোগ ক্ষতিগ্রস্ত জনগণ, ঋণ কার্যক্রম ও বিভিন্ন প্রকল্পের উপকারভোগী ও স্থানীয় স্টেক হোল্ডারদের মতামত গ্রহণ করে ও সে অনুযায়ী কর্মসূচি, নিয়ম কানুন পরিবর্তন পরিবর্ধন করেণ।</p> <p>৭.৩ জনসংগঠন সভা, বার্ষিক কর্মসভা, মনিটরিং, অডিট, মাসিক প্রকল্প সভা,</p>	<p>৭.১ প্রকল্প প্রস্তাবনা ও বাজেট।</p> <p>৭.২ প্লান অফ অপারেশন।</p> <p>৭.৩ বার্ষিক কর্মী সভার প্রতিবেদন।</p> <p>৭.৪ সময় ভিত্তিক মনিটরিং ও অডিট প্রতিবেদন।</p>

ক্রম	কমিটমেন্ট	কিভাবে কোর্ট এই কমিটমেন্ট বাস্তবায়ন করে। (প্রমান)	প্রমাণিক ডকুমেন্ট
	শিক্ষণ মূল্যায়ন কওে ও সেঅনুযায়ী কর্মকান্ড গ্রহণ বা পরিবর্তন করে।	এমসিএম, পিপিএম ইত্যাদি সভার মাধ্যমে বাস্তবায়িত কর্মকান্ড পর্যালোচনা করা হয়। এবং প্রাপ্ত শিক্ষণ বিবেচনায় নিয়ে পরবর্তী কাজের পরিকল্পনা করা হয়। ৭.৪ মনিটরিং ও অডিট বিভাগ থেকে নিয়মিতভাবে কর্মকান্ড পর্যালোচনা করা হয়। যেখানে সদস্য ও স্টেক হোল্ডারদের মতামত গ্রহণ করা হয়।	
৮.	সংস্থার সদস্য, প্রকল্প উপকারভোগী এবং স্থানীয় জনগণ সংস্থার একদল দক্ষ, সৎ ও নিবেদিত কর্মী বাহিনী থেকে উন্নত কর্মকান্ড ও সেবা পাচ্ছে।	৮.১ মূল্যবোধ ও পেশাগত মানের চর্চা এবং অগ্রহণযোগ্য সার্কুলারের বাস্তবায়ন হচ্ছে। ৮.৩ প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুসরণ করে কর্মী প্রশিক্ষণের আয়োজন করা হয়। ৮.৪ নতুন সহকর্মীদের ইন্ডাকশন প্রশিক্ষণ প্রদান করা হয়। ৮.৫ নিয়মিত সভা অনুষ্ঠিত হয়, এখানে তত্ত্বাবোধায়কদের থেকে উৎসাহ ও উদ্দীপনা দেওয়া হয়। ৮.৬ মানব সম্পদ ও হিসাব নীতিমালা অনুসরণ করতে সহকর্মীদের সেগুলি পড়ানো হয়। অডিট করে ফিডব্যাক দিয়ে কর্মী উন্নয়নে চেষ্টা করা হয়। ৮.৭ বার্ষিক কর্মী মূল্যায়ন পদ্ধতি অনুসরণ করে কর্মী উন্নয়নের চেষ্টা করা হয়। ৮.৮ কর্মকান্ড বাস্তবায়ন (ঋণ কার্যক্রম, প্রকল্প ইত্যাদি) বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। ৮.৯ জিরো টলারেন্স নিতিমালার মাধ্যমে অপরাধ মূলক কর্মকান্ড হতে কর্মীদের বিরত রাখার চেষ্টা করা হয়।	৮.১ মূল্যবোধ ও পেশাগত বৈশিষ্ট্য। ৮.২ প্রশিক্ষণ ক্যালেন্ডার। ৮.৩ বার্ষিক মিটিং সিডিউল। ৮.৪ নতুন সহকর্মীদের ইন্ডাকশন প্রশিক্ষণ সিডিউল। ৮.৫ মানব সম্পদ ও হিসাব নীতি মালা। ৮.৬ সহকর্মীদের টর ৮.৭ কর্মীমূল্যায়ন ফরমেট। ৮.৮ প্রশিক্ষণ প্রতিবেদন। ৮.৯ জিরো টলারেন্স নিতিমালা।
৯.	সদস্য, প্রকল্প উপকারভোগী এবং স্থানীয় জনগণ সংস্থার নিকট থেকে সম্পদ ব্যবহারে নৈতিকতা,	৯.১ সম্পদ ব্যবহারের ক্ষেত্রে কোর্ট মিত ব্যায়িতায় বিশ্বাস করে। যা সংস্থার মু্যোবোধে আছে। ৯.২ প্রতি বছর তৃতীয় পক্ষ দ্বারা অডিট হয়। এবং ট্রাস্টি বোর্ডের পক্ষ থেকেও আর্থিক বিষয় সমূহ পর্যবেক্ষনে সভা হয়।	৯.১ কোর্ট মূল্যবোধ। ৯.২ বার্ষিক অডিট প্রতিবেদন ও বোর্ড অডিট সভা প্রতিবেদন। ৯.৩ কোর্ট ক্রয় নিতিমালা। ৯.৪ সম্পদ ব্যবস্থাপনা নিতি মালা। ৯.৫ মাস্টার রোল।

ক্রম	কমিটমেন্ট	কিভাবে কোর্ট এই কমিটমেন্ট বাস্তবায়ন করে। (প্রমাণ)	প্রমাণিক ডকুমেন্ট
	আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা এবং সঠিক কাজে সকল সম্পদের ব্যবহার আশা করতে পারে।	৯.৩ যে কোন সম্পদ ক্রয়ের ক্ষেত্রে সংস্থার ক্রয় নিতিমালা অনুসরণ করা হয়। ৯.৪ সম্পদ ব্যবস্থাপনা নিতিমালার আলোকে সংস্থা সকল সম্পদ রক্ষণা বেক্ষণ করা হয়। ৯.৫ সদস্য বা উপকারভোগী পর্যায়ে কোন সম্পদ বিতরণ করা হলে তা সরাসরি নির্দিষ্ট ব্যক্তির নিকট পৌঁছানো নিশ্চিত করা হয়। সেমন: স্কুল বাচ্চাদের ব্যাগ, কল্লবাজাও পান চাষীদের নগদ সাহায্য ইত্যাদি।	

কেস স্টাডি লেখা

১.সাধারণ ধাপ:

- তথ্য সংগ্রহ
- তথ্য যাচাই বাছাই
- মাঠ পর্যায়ে পরিদর্শন/সাক্ষাৎকার
- প্রথমিক খসড়া
- চূড়ান্ত রচনা

যা করা উচিত	যা করা উচিত নয়
১. অবশ্যই তথ্য ভিত্তিক হতে হবে, তাই কেস স্টাডি লেখার সময় তথ্য যাচাই করে নেওয়া প্রয়োজন	১. কার জন্য লিখছি বা কোথায় পাঠাব, তা বিবেচনা না করেই কেস স্টাডি লিখে ফেলা
২. গুণবাচক তথ্যের সঙ্গে সংখ্যা বাচক তথ্য থাকতে হবে	২. তথ্য যাচাই বাছাই না করেই লিখে ফেলা
৩. যাকে নিয়ে লেখা হচ্ছে, যা নিয়ে লেখা হচ্ছে তার মূল পরিচয় তুলে ধরতে হবে।	৩. শুধুমাত্র গুণবাচক তথ্য উল্লেখ করা
৪. কোর্ট বা প্রকল্পের ভূমিকা স্পষ্ট হতে হবে	৪. যাকে নিয়ে লেখা হচ্ছে তার সঙ্গে কথা না বলেই লিখে ফেলা
৫. পূর্বের অবস্থান থেকে যে পরিবর্তনটা এলো তা স্পষ্ট হতে হবে	৫. অপরিপূর্ণ তথ্য ছাড়াই লিখে ফেলা
৬. কার জন্য লিখছি সেটা বিবেচনায় রাখতে হবে	৬. পূর্বের অবস্থা, বর্তমান অবস্থা এবং পরিবর্তন বিষয়ে স্পষ্ট তথ্য না থাকা
৭. শিরোনাম হতে হবে স্পষ্ট ও প্রাসঙ্গিক	

২. কেস স্টাডি়র বিভিন্ন অংশ

- শিরোনাম
- পূর্বের অবস্থা
- অবস্থা পরিবর্তনের কোস্ট বা প্রকল্পের ভূমিকা
- বর্তমান অবস্থা
- ভবিষ্যৎ পরিকল্পনা

৩. ছবি তোলা

যা করা উঁচিৎ	যা করা উঁচিৎ নয়
১. ছবি অবশ্যই স্বাভাবিক ভঞ্জিমায় হতে হবে	১. ক্যামেরার তিকে তাকিয়ে বিশেষ পোজ দেওয়া ছবি তোলা
২. কোন ভাবেই ক্যামেরার তিকে তাকিয়ে আছে এমন ছবি তোলা বা ব্যবহার করা যাবে না	২. ঝাপসা বা অস্পষ্ট ছবি তোলা ও ব্যবহার
৩. ছবি থেকে যেন বিষয় বস্তু স্পষ্টভাবে বোঝা যায়	৩. ছবির কোনও একটি অংশ অসম্পূর্ণ রাখা, যেমন কোনও গাছের অর্ধেক, মানুষের অর্ধেক, কোন ভবনের উপরের অর্ধেক ইত্যাদি
৪. ছবি তোলার সময় অপ্রয়োজনীয় বিষয়গুলো বর্জনর চেষ্টা করতে হবে	৪. ছবি বিকৃত করে কেস স্টাডি়তে ব্যবহার করা
৫. ছবি স্পষ্ট হতে হবে	
৬. সূর্যের আলোর বিপরীত দিকে ক্যামেরা রাখতে হবে	
৭. যার ছবি তোলা হচ্ছে, তার অনুমতি নিয়ে নিতে হবে	

সকল রিপোর্ট বা প্রতিবেদন তৈরির ক্ষেত্রে লক্ষ্যণীয়

যা করা উচিত	যা করা উচিত নয়
<ol style="list-style-type: none"> ১. কার জন্য এটি তৈরি করছি, যার জন্য তৈরি করছি তার মতো করেই তৈরি করতে হবে। দাতা সংস্থার জন্য তৈরি করা প্রতিবেদন এবং কিশোরী মেয়েদের জন্য তৈরি করা প্রতিবেদন এক হবে না ২. সংখ্যাগত তথ্য দেওয়ার চেষ্টা করতে হবে ৩. গ্রাফ, চার্ট প্রতিবেদনকে আকর্ষণীয় করে তোলো ৪. শুধু লেখাই নয়, সুন্দর উপস্থাপনাও একটি গুরুত্বপূর্ণ বিষয় ৫. ভাষা হবে সহজ, সংক্ষিপ্ত বাক্য এবং আকার হবে সংক্ষিপ্ত 	<ol style="list-style-type: none"> ১. সবার জন্য একই ধরনের প্রতিবেদন বা রিপোর্ট তৈরি করা ২. দুর্বোধ্য ভাষা ব্যবহার করা ৩. অহেতুক দীর্ঘ করে ফেলা ৪. বিষয়বস্তুতে না থাকা ৫. শুধু গুণবাচক তথ্য দেওয়া ৬. একই প্রতিবেদনে ভিন্ন ভিন্ন ফন্ট ব্যবহার করা ৭. যা চাওয়া হয়েছে, তা না নিয়ে অপ্রয়োজনীয় তথ্য দেওয়া বা অসম্পূর্ণ তথ্য দেওয়া

ইমেইল করার ক্ষেত্রে

যা করা উচিত	যা করা উচিত নয়
<ol style="list-style-type: none"> ১. কোস্টের নীতিমালা অনুযায়ী প্রকল্প প্রধান, মনিটরিং অফিসার ও হিসাব রক্ষক মৌখিকভাবে যোগাযোগ করতে পারবেন, ইমেইলে যোগাযোগ করার আগে ফোকাল পারসনের সঙ্গে কথা বলে নিতে হবে ২. যার কাছে ইমেইল পাঠাচ্ছেন তার জন্য সঠিক সম্ভাষণ বাছাইয়ে সতর্ক থাকুন ৩. ইমেইলের ইংরেজি শুদ্ধ হওয়া বাঞ্ছনীয়, বার বার পরীক্ষা করে দেখতে হবে ৪. সংশ্লিষ্ট ফাইলে কী আছে তার একটি সার-সংক্ষেপ ইমেইলের টেক্সটে দেওয়া উচিত 	<ol style="list-style-type: none"> ১. ভুল ইংরেজিতে ইমেইল পাঠিয়ে দেওয়া ২. একজনকে ইমেইল পাঠাতে গিয়ে অন্যকে পাঠিয়ে দেওয়া ৩. অপ্রয়োজনে কাউকে কপি দেওয়া ৪. অন্য কিছু না লিখে, শুধু Please find the File লিখে দেওয়া

বিষয়: কোস্ট ট্রাস্টে শূন্য সহিষ্ণু চরিত্র ও এর প্রভাব নিরূপন ছক। মার্চ ২০১৪।

ক্রম নং	শূন্য সহিষ্ণু চরিত্রসমূহ	ব্যক্তি জীবনে প্রভাব	সংস্থার ক্ষেত্রে প্রভাব	চিহ্নিত করার উপায়
০১	মদ খাওয়া/সিগারেট খাওয়া/পান খাওয়া	<ul style="list-style-type: none"> নেশা গ্রস্ত থাকেন। অস্বাভাবিক আচরণ করেন আর্থিক অপচয় করেন। পারিবারিক অশান্তির সৃষ্টি করেন সামাজিকভাবে হেয় থাকেন বিভিন্ন অনৈতিক কাজে জড়িয়ে যান। 	<ul style="list-style-type: none"> সহকর্মীদের সাথে অস্বাভাবিক আচরণ করে। অফিসে ঠিকমত কাজ করেন না। আর্থিক অনিয়ম করেন। অফিসিয়াল নিয়ম শৃংখলা ভঙ্গা করেন। অধিক রাত পর্যন্ত অফিসের বাইরে থাকেন। 	<ul style="list-style-type: none"> চোখ লাল থাকে কথা বার্তা অসংলগ্ন থাকে সব সময় অস্থির থাকেন অস্বাভাবিক আচরণ করেন
০২	জুয়া খেলা	<ul style="list-style-type: none"> জুয়ার টাকা জোগারের জন্য বিভিন্ন অনৈতিক কাজ করেন, যেমন চুরি, ছিনতাই, স্ত্রীর গয়না বিক্রি এমনকি সম্পত্তি বিক্রি করেন। পারিবারিক অশান্তির সৃষ্টি করেন। সামাজিকভাবে হেয় থাকেন। 	<ul style="list-style-type: none"> সহকর্মীদের সাথে অস্বাভাবিক আচরণ করেন। ডাইনিং এ বাকী খান। অফিসে ঠিকমত কাজ করেন না। আর্থিক আত্মসাতে জড়িয়ে যান। অফিসিয়াল নিয়ম শৃংখলা ভঙ্গা করেন। সহকর্মী বা সমিতির সদস্য বা এলাকার লোকদের থেকে ধার নেন। 	<ul style="list-style-type: none"> ধার দেনার প্রবনতা থাকে টাকা পয়সার লেনদেন নিজে করার প্রবনতা থাকে।
০৩	ধার করা	<ul style="list-style-type: none"> অভ্যাস খারাপ হয়ে যায় সব সময় ধার করার একটা প্রবণতা থাকে মানুষের সাথে সম্পর্ক খারাপ হয় 	<ul style="list-style-type: none"> সহকর্মীদের সাথে সম্পর্ক খারাপ হয় অধস্তনরা মান্য করেনা। আর্থিক আত্মসাতে জড়িয়ে যান। অফিসিয়াল নিয়ম শৃংখলা ভঙ্গা করেন। 	<ul style="list-style-type: none"> টাকা থাকলেও ধার করেন
০৪	আয়ের সাথে ব্যয়ের সংগতি নাই মনে হয় অথবা অন্য কোন ব্যবসার সাথে জড়িত	<ul style="list-style-type: none"> খণ্ড গ্রস্ত হয়ে পড়েন সমাজের কাছে ছোট হয়ে যান। 	<ul style="list-style-type: none"> সহকর্মীদের কাছে ধার দেনা করেন। সহকর্মীরা মূল্যায়ন করেন না। 	<ul style="list-style-type: none"> সব সময় খণ্ডগ্রস্ত থাকেন
০৫	বাকী খাওয়া	<ul style="list-style-type: none"> অভ্যাস খারাপ হয়ে যায় সব সময় বাকী খাওয়ার একটা প্রবণতা থাকে মানুষের সাথে সম্পর্ক খারাপ হয় 	<ul style="list-style-type: none"> সহকর্মীদের সাথে সম্পর্ক খারাপ হয় অধস্তনরা মান্য করেননা। আর্থিক আত্মসাতে জড়িয়ে যান। অফিসিয়াল নিয়ম শৃংখলা ভঙ্গা করেন। 	<ul style="list-style-type: none"> সব জায়গায় বাকী খান মেসে টাকা দেন না
০৬	মিথ্যা কথা বলা	<ul style="list-style-type: none"> ভাল কথা বললেও কেউ বিশ্বাস করেন না। সমাজে গ্রহণযোগ্যতা থাকে না ভাল কাজ করেও অনেক সময় স্বীকৃতি পান না। 	<ul style="list-style-type: none"> কাজে ফাঁকি দেন। কেউ তাকে বিশ্বাস করেন না। সংস্থার যে কোন সময় বড় ক্ষতি করতে পারেন। ব্যবস্থাপনার কাছে একটি ধুম্র জাল তৈরী করে রাখেন। 	<ul style="list-style-type: none"> প্রয়োজনের অতিরিক্ত কথা বলেন বেশী কথা বলেন

ক্রম নং	শূন্য সহিষ্ণু চরিত্রসমূহ	ব্যক্তি জীবনে প্রভাব	সংস্থার ক্ষেত্রে প্রভাব	চিহ্নিত করার উপায়
০৭	পরকীয়া প্রেমে জড়িত	<ul style="list-style-type: none"> পারিবারিক অশান্তির সৃষ্টি করে সামাজিকভাবে হেয় থাকেন। অনৈতিক সম্পর্ক টিকিয়ে রাখতে বিভিন্ন আর্থিক অনিয়ম করেন। 	<ul style="list-style-type: none"> সহকর্মীদের সাথে সম্পর্ক খারাপ হয়। সংস্থার ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়। সর্বোপরি সংস্থার বড় ধরনের ক্ষতি সাধিত হয়। 	<ul style="list-style-type: none"> ফোনে বেশী বেশী কথা বলেন। বেশী বেশী ছুটি নেন। বেশী রাত পর্যন্ত অফিসের বাইরে থাকেন।
০৮	পুরুষ/নারী সাথে অবৈধ সম্পর্কের ইঞ্জিত দেয়	<ul style="list-style-type: none"> পারিবারিক অশান্তির সৃষ্টি করে সামাজিকভাবে হেয় থাকেন। অনৈতিক সম্পর্ক টিকিয়ে রাখতে বিভিন্ন আর্থিক অনিয়ম করেন। 	<ul style="list-style-type: none"> সহকর্মীদের সাথে সম্পর্ক খারাপ হয়। সংস্থার ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়। অনৈতিক সম্পর্ক টিকিয়ে রাখতে বিভিন্ন আর্থিক অনিয়ম করেন। সর্বোপরি সংস্থার বড় ধরনের ক্ষতি সাধিত হয়। 	<ul style="list-style-type: none"> নারী কর্মীদের সাথে মাঠে যাওয়ার প্রবনতা বেশী নারী কর্মীর বাসায় দাওয়াত খাওয়ার অভ্যাস
০৯	ফোনে বেশী কথা বলা অথবা রাত ১০ টার পরও ফোনে কথা বলা।	<ul style="list-style-type: none"> রাত জেগে কথা বলার কারণে যে কোন অনৈতিক/পরকীয়ায় জড়িয়ে যেতে পারেন। ফোনের টাকা জোগাড়ের জন্য আর্থিক অনিয়ম করেন। 	<ul style="list-style-type: none"> রাত জাগার কারণে দিনের বেলায় মেজাজ খিটখিটে থাকে ফলে সহকর্মীদের সাথে ভাল আচরণ করেন না। অফিসের কাজ ফাঁকি দিয়ে দিনের বেলায় ঘুমান। ফোনের টাকা জোগাড়ের জন্য আর্থিক অনিয়ম করেন। ধার নেন, ডাইনিং এ বার্কী খান 	<ul style="list-style-type: none"> একাধিক সিম ব্যবহার করেন কাজ ফেলে ফোনে কথা বলেন
১০	রাত ১১ টার পর ঘুমানো	<ul style="list-style-type: none"> সকালে উঠতে পারেন না মেজাজ খিটখিটে হয়ে যায়। ভাল কথাও খারাপ লাগে 	<ul style="list-style-type: none"> অফিসে ঠিকমত আসতে পাও না মেজাজ খিটখিটে থাকে। কোন কাজ পরিকল্পনা অনুযায়ী করতে পারেননা। 	<ul style="list-style-type: none"> সকালে উঠতে পারেন না মেজাজ খিটখিটে হয়ে যায় ভাল কথাও খারাপ লাগে
১১	স্বামী/স্ত্রীর সাথে বনিবনা না থাকা	<ul style="list-style-type: none"> পারিবারিক অশান্তির সৃষ্টি করে সামাজিকভাবে হেয় থাকে। পরকীয়া সম্পর্কে জড়িয়ে যায় 	<ul style="list-style-type: none"> অফিসের কাজে সঠিকভাবে মন দিতে পারেননা। মহিলা সহকর্মীদের সাথে অনৈতিক সম্পর্কে জড়িয়ে যায় অফিসের শৃংখলা নষ্ট হয়। মহিলা সহকর্মীরা অনিয়মের সুযোগ পায়। 	<ul style="list-style-type: none"> নারী কর্মীদের সাথে মাঠে যাওয়ার প্রবনতা বেশী নারী কর্মীর বাসায় দাওয়াত খায় নিজের পারিবারিক বিষয় অন্যকে জানায়
১২	পিছনে তত্ত্বাবধায়কের কাজ ও চরিত্রের সমালোচনা করা	<ul style="list-style-type: none"> নিজে কোন কাজ করতে পারেন না। কোন কাজ শিখতে পারেন না। 	<ul style="list-style-type: none"> নিজে কোন দায়িত্ব নেয়না ফলে অফিসের কাজ সঠিকভাবে হয় না। দায়িত্ব এড়ানোর প্রবনতা থাকে। তাকে দিয়ে কোন গুরুত্ব পূর্ণ কাজ করানো যায়না। 	<ul style="list-style-type: none"> সব সময় শুধু সহকর্মীর ব্যর্থতা নিয়ে কথা বলেন নিজের কাজের জাহির বেশী করেন অন্যের কাজের সমালোচনা করেন।

ক্রম নং	শূন্য সহধ্বু চরিত্রসমূহ	ব্যক্তি জীবনে প্রভাব	সংস্থার ক্ষেত্রে প্রভাব	চিহ্নিত করার উপায়
			<ul style="list-style-type: none">নিজের কাজ রেখে অন্যের ভুল ধরা, অন্যরা কি কাজ করে ইত্যাদি নিয়ে ব্যস্ত থাকে।	

সনত কুমার ভৌমিক
পরিচালক।